# ইসরায়েলে ইরানের ক্ষেপণাস্ত্র হামলায় ১২ জন আহত



ইসরায়েলে ক্ষেপণাস্ত্র হামলা। ছবি: সংগৃহীত

ইসরায়েলের জেরুজালেমের পশ্চিমে অবস্থিত বেইত শেমেশ শহরে ইরান থেকে নিক্ষেপ করা ক্ষেপণাস্ত্র হামলায় অন্তত ১২ জন আহত হয়েছেন। হামলায় আবাসিক এলাকায় উল্লেখযোগ্য ক্ষয়ক্ষতি হয়েছে।

তুর্কি সংবাদমাধ্যম ইয়েনি সাফাক, ইসরায়েলি দৈনিক ইয়েদিওথ আহরোনথের তথ্য উদ্ধৃত করে জানায়, শনিবার এ ঘটনা ঘটে। শুরুতে দেশটির চ্যানেল ১২ জরুরি সেবার বরাত দিয়ে ৫ জন আহতের খবর দিলেও পরে সংখ্যা বেড়ে ১২ জনে পৌঁছায়।

প্রতিবেদন অনুযায়ী, হামলায় অন্তত ১০টি বাড়ি ক্ষতিগ্রস্ত বা ধ্বংস হয়েছে এবং বেশ কয়েকটি গাড়ি নষ্ট হয়েছে। ইসরায়েলি গণমাধ্যম জানিয়েছে, শনিবার ভোর থেকেই ইরান একাধিক দফায় ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করে, যা ধারাবাহিক আক্রমণের অংশ হিসেবে দেখা হচ্ছে এবং দেশের কেন্দ্রীয় অঞ্চলে উত্তেজনা আরও বাড়ার ইঙ্গিত দিচ্ছে।

LENS ASIA